



রেজিস্ট্রারের কার্যালয়

বরিশাল বিশ্ববিদ্যালয়

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

ফোন: ০১৮৭-৭৭৭৩৯৩৯, ফ্যাক্স: ০৪৩১-৬১৮২৭
web: <https://bu.ac.bd>, e-mail: registrar@bu.ac.bd

স্মারক নং- বিইউ/রেজি/নোটিস/ ১৪০/

তারিখ : ১৬ আষাঢ় ১৪২৭ বঙ্গাব্দ
৩০ জুন ২০২০ খ্রিস্টাব্দ

নোটিস

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, করোনা ভাইরাসের সংক্রমণ থেকে শিক্ষার্থীদের সুরক্ষার লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয় একটি প্রজ্ঞাপন নং : ৩৭.০০.০০০০.০৬১.৯৯.১০৬.১৭.৩০১ ; তারিখ ১৫/০৬/২০২০) এর আলোকে বরিশাল বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কার্যক্রম আগামী ০৬ আগস্ট, ২০২০ তারিখ পর্যন্ত বন্ধ থাকবে এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মন্ত্রি পরিষদ বিভাগের জারিকৃত প্রজ্ঞাপন (স্মারক নং ০৪.০০.০০০০.৫১৪.০৬.০০২.২০.১১১) এর অনুচ্ছেদ (৩.১০) অনুযায়ী বরিশাল বিশ্ববিদ্যালয়ের অতি প্রয়োজনীয় ও আবশ্যিকীয় অফিসসমূহ ০১ জুলাই, ২০২০ তারিখ থেকে ০৬ আগস্ট, ২০২০ তারিখ পর্যন্ত নিম্নরূপ শর্তসাপেক্ষে খোলা থাকবে।

- ১। অতি প্রয়োজনীয় ও আবশ্যিকীয় অফিসসমূহ (ভাইস-চ্যান্সেলরের অফিস, রেজিস্ট্রারের কার্যালয়, অর্থ ও হিসাব শাখা, প্রকৌশল শাখা, মেডিকেল সেন্টার ও পরিবহন পুল) দপ্তর প্রধানের নির্দেশনা মোতাবেক ন্যূনতম জনবল নিয়ে রোস্টার প্রনয়ণপূর্বক চালু থাকবে।
- ২। অফিস চলাকালীন সময়ে সকলকে মাস্ক পরিধানসহ অন্যান্য স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে এবং সামাজিক দূরত্ব বজায় রাখতে হবে।
- ৩। অন্তঃসত্ত্বা মহিলাগণ ও সর্দি-কাশি-জ্বরসহ অন্যান্যভাবে গুরুতর অসুস্থ ব্যক্তি অফিস প্রধানকে অবহিত করে অফিসে আসা থেকে বিরত থাকবেন।
- ৪। প্রয়োজনীয় পরিবহণের বিষয়ে পরিবহন পুল ম্যানেজার ব্যবস্থা গ্রহণ করবেন।
- ৫। উল্লেখ্য, স্বাস্থ্য অধিদপ্তরের স্মারক নং স্বা./ অধি./ করোনা/ ২০২০-৮৪ তারিখ ২৯ এপ্রিল ২০২০ এবং বরিশাল সিভিল সার্জন কার্যালয়ের স্মারক নং সিএসবি/হিসাব/২০২০/১৪৮৩ তারিখ ১৫ জুন ২০২০ অনুযায়ী কেনো কর্মকর্তা বা কর্মচারী রেড জোনের বাসিন্দা হলে এবং সে স্থানে লকডাউন বলবৎ হলে তাদেরকে উক্ত সময়ে বিশ্ববিদ্যালয়ে আসতে হবে না।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে-

(অধ্যাপক ড. মোঃ মুহসিন উদ্দীন)
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)
বরিশাল বিশ্ববিদ্যালয়।

অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতানুসারে নয়)

- ১। সকল অনুষদের ডিন, বরিশাল বিশ্ববিদ্যালয়।
- ২। সকল বিভাগের চেয়ারম্যান, বরিশাল বিশ্ববিদ্যালয় (সংশ্লিষ্ট বিভাগের সম্মানিত শিক্ষক ও কর্মচারীদের অবহিত করার অনুরোধসহ)।
- ৩। সকল দপ্তর প্রধান, বরিশাল বিশ্ববিদ্যালয় (সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তা ও কর্মচারীদের অবহিত করার অনুরোধসহ)।
- ৪। উপ-পরিচালক (চলতি দায়িত্ব), জনসংযোগ অফিস, বরিশাল বিশ্ববিদ্যালয়।
- ৫। উপাচার্য মহোদয়ের একান্ত সচিব, বরিশাল বিশ্ববিদ্যালয় (মাননীয় উপাচার্যের সদয় অবগতির জন্য)।
- ৬। এ্যাসিস্ট্যান্ট প্রোগ্রামার, বরিশাল বিশ্ববিদ্যালয় (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৭। নোটিস বোর্ডসমূহ।
- ৮। সংশ্লিষ্ট নথি।
- ৯। মহানথি।